

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
প্রশাসন শাখা,  
www.ictd.gov.bd

নম্বর: ৫৬.০০.০০০০.০০০.০৩৬.১২.০০০১.২৬.৪২৯

তারিখ: ১৪ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ  
২৮ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২৫ জুন, ২০২৬ তারিখের ৮০.০০.০০০০.০০০.১০২.১২.০০৩৫.২৬-৩২৬ সংখ্যক পত্রে প্রাপ্ত সুপারিশের পরিপ্রেক্ষিতে "বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২০" মোতাবেক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের নিম্নবর্ণিত কর্মচারীকে জাতীয় বেতনস্কেল, ২০২৫ অনুসারে টাকা ১৬০০০-৩৮৬৪০ বেতনক্রমে (গ্রেড-১০) নিম্নোক্ত শর্তে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ব্যক্তিগত কর্মকর্তা'র শূন্য পদে পদোন্নতি প্রদান করা হলো:

ক্রম	জ্যেষ্ঠতা নং	প্রার্থীর নাম	বর্তমান পদ ও গ্রেড	সুপারিশকৃত পদ ও গ্রেড
০১	০১	জনাব আল-আমিন	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (১৬তম গ্রেড)	ব্যক্তিগত কর্মকর্তা (১০ম গ্রেড)

শর্তসমূহ:

- (১) পদোন্নতির আদেশ পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ হতে কার্যকর হবে;
- (২) উল্লিখিত কর্মকর্তাকে পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ থেকে ০১ (এক) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে নিয়োগ করা হলো। তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করে শিক্ষানবিশের মেয়াদ বৃদ্ধি করে সর্বসাকুল্যে ০২ (দুই) বছর করতে পারবেন;
- (৩) শিক্ষানবিশ মেয়াদ চলাকালে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাগণের আচরণ ও কর্ম সন্তোষজনক থাকা সাপেক্ষে পদোন্নতিপ্রাপ্ত পদে তার চাকরি স্থায়ী করা হবে;
- (৪) শিক্ষানবিশ মেয়াদে নিয়োগকারী কর্তৃপক্ষ যদি মনে করেন তার আচরণ ও কর্ম সম্পাদনের মান সন্তোষজনক নয় অথবা তাদের কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নেই, সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ তার যে পদ থেকে পদোন্নতি দেয়া হয়েছিল সে পদে প্রত্যাবর্তন করাতে পারবেন;
- (৫) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ কোন ক্ষেত্রে তার চাকরি সরকারের প্রচলিত বিধি ও আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৮-০৬-২০২৬

সায়েম ইমরান

সিনিয়র সহকারী সচিব

ফোন : ০২৪১০২৪০২৬

ইমেইল : admin.sec@ictd.gov.bd

নম্বর: ৫৬.০০.০০০০.০০০.০৩৬.১২.০০০১.২৬.৪২৯/১ (১৩)

তারিখ: ১৪ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ  
২৮ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ২। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ।

- ৩। সচিব, সচিবের দপ্তর, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন।
- ৪। অতিরিক্ত সচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
- ৫। যুগ্মসচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
- ৬। উপসচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
- ৭। উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনু রোধসহ)।
- ৮। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
- ৯। উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
- ১০। সিনিয়র প্রোগ্রামার, ডিজিটাল সিকিউরিটি মনিটরিং ও অপারেশন শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (প্রজ্ঞাপনটি বি ভাগের ওয়েবসাইটে প্রকাশ এবং তথ্য আপডেট করার অনুরোধসহ)।
- ১১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ১২। হিসাবরক্ষণ কর্মকর্তা (ডিডিও), হিসাব ও নিরীক্ষা শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
- ১৩। জনাব আল-আমিন, ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।



২৮-০৬-২০২৬  
সায়েম ইমরান  
সিনিয়র সহকারী সচিব